



৫ আগস্ট গণঅভ্যুত্থানের বর্ষপূর্তিতে প্রকাশ হচ্ছে ‘জুলাই ঘোষণাপত্র’-এর চূড়ান্ত খসড়া



সংগৃহীত ছবি

আসন্ন ৫ আগস্ট বিকেল ৫টায় অন্তর্বর্তী সরকারের প্রস্তুতকৃত ‘জুলাই ঘোষণাপত্র’-এর চূড়ান্ত খসড়া আনুষ্ঠানিকভাবে জাতির সামনে উপস্থাপন করা হবে। গণঅভ্যুত্থানে সম্পৃক্ত রাজনৈতিক দল ও সংগঠনগুলোর প্রতিনিধিদের উপস্থিতিতে এই ঘোষণা দেওয়া হবে বলে শনিবার এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানিয়েছে প্রধান উপদেষ্টার প্রেস উইং। অন্তর্বর্তী সরকারের তথ্য ও সম্প্রচার উপদেষ্টা মাহফুজ আলমও বিষয়টি নিশ্চিত করেছেন। শুক্রবার রাতে তাঁর ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে তিনি লেখেন, জুলাই ঘোষণাপত্র এখন বাস্তবতা। ৫ আগস্টের মধ্যেই এটি প্রকাশিত হবে। গণআকাজ্জায় বাঁচিয়ে রেখে এই ঘোষণাপত্র বাস্তবায়নের পথ সুগম করতে সকলকে ধন্যবাদ। গত বছরের জুলাই গণ-অভ্যুত্থানের পর থেকে দেশের রাজনৈতিক অঙ্গনে অন্যতম আলোচিত ইস্যু হয়ে উঠেছে এই ‘জুলাই ঘোষণাপত্র’। বিশেষ করে ফ্যাসিবাদ বিরোধী আন্দোলন ও গণঅভ্যুত্থানে সম্পৃক্ত দল ও সংগঠনগুলোর মধ্যে এ নিয়ে ব্যাপক আলোচনা ও প্রত্যাশা বিরাজ করছে। অভ্যুত্থানের বর্ষপূর্তি সামনে রেখে ঘোষণাপত্রের খসড়া বিএনপি, জামায়াতে ইসলামী, জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) সহ বিভিন্ন রাজনৈতিক দল ও সংগঠনের কাছে পাঠিয়েছে অন্তর্বর্তী সরকার। এ বিষয়ে ঐকমত্য প্রতিষ্ঠার লক্ষ্যে ঐকমত্য কমিশন কয়েক দফা বৈঠক ও মতবিনিময় সভাও আয়োজন করেছে। উল্লেখ্য, ঘোষণাপত্রটি জাতীয় ঐক্যের প্রতীক হিসেবে দেখা হচ্ছে, যা আগামী দিনের রাজনৈতিক দিকনির্দেশনা নির্ধারণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে সংশ্লিষ্টরা মনে করছেন।